# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

## ১৭৭. বিনা প্রয়োজনে মানুষের কোন চলার পথে অবস্থান করা

আবু সা'ঈদ্ খুদরী (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

إِيَّاكُمْ وَالْـجُلُوْسَ عَلَى الطُّرُقَاتِ، فَقَالُوْا: مَا لَنَا بُدٌّ، إِنَّمَا هِيَ مَجَالِسُنَا نَتَحَدَّثُ فِيْهَا، قَالَ: فَإِذَا أَتَيْتُمْ إِلَى الْـمَجَالِسِ فَأَعْطُوْا الطَّرِيْقَ حَقَّهَا، قَالُوْا : وَمَا حَقُّ الطَّرِيْقِ ؟ قَالَ : غَضُّ الْبَصَرِ ، وَكَفُّ الْأَذَى ، وَرَدُّ السَّلَامِ ، وَأَمْرٌ بِالْـمَعْرُوْفِ وَنَهْيٌ عَنِ الْـمُنْكَرِ

“তোমরা মানুষের চলার পথে বসা থেকে দূরে থাকো। সাহাবাগণ বললেন: মানুষের চলার পথ ছাড়া তো আমাদের আর কোন উপায় নেই। এটিই তো আমাদের একমাত্র বসার জায়গা। এখানে বসেই তো আমরা পরস্পর আলোচনা করি। তখন রাসূল (সা.) বললেন: যখন তোমরা মানুষের চলার পথেই বসবে তখন তোমরা এর অধিকারগুলো অবশ্যই রক্ষা করবে। সাহাবাগণ বললেন: পথের অধিকারগুলো কি ? রাসূল (সা.) বললেনঃ কোন হারাম কিছু দেখলে তা থেকে নিজের চোখকে নিম্নগামী করা, কাউকে কষ্ট দেয়া থেকে বিরত থাকা, কেউ সালাম দিলে তার সালামের উত্তর দেয়া, কাউকে সৎ কাজের আদেশ দেয়া এবং অসৎ কাজ থেকে নিষেধ করা”।[1]

### ফুটনোট

[1] (বুখারী, হাদীস ২৪৬৫ মুসলিম, হাদীস ২১২১)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11427

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন